একজন ইয়াহূদী বালক নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সেবা করত।

আনাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একজন ইয়াহূদী বালক নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের সেবা করত। হঠাৎ সে অসুস্থ হয়ে পড়ল। নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তার শুশ্রুষার উদ্দেশ্যে তার নিকট গেলেন এবং তার শিয়রে বসে তাকে বললেন, “তুমি ইসলাম গ্রহণ কর।” সে তার পিতার দিকে তাকাল। তার পিতা সেখানেই উপস্থিত ছিল। সে
বলল, ‘আবুল কাসেমের কথা মেনে নাও।’ সুতরাং সে বালকটি ইসলাম গ্রহণ করল। (তারপর সে মারা গেল।) অতঃপর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এ কথা বলতে বলতে বের হয়ে চলে গেলেন
যে, “সেই আল্লাহর সমস্ত প্রশংসা, যিনি ওকে জাহান্নামের আগুন থেকে বাঁচিয়ে নিলেন।”
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

মদীনায় বসবাসকারী ইয়াহূদীদের একজন কম বয়স্ক ছেলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খিদমত করত। সে অসুস্থ হলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়সাল্লাম তাকে দেখতে যান এবং তার কাছে ইসলামের দাওয়াত পেশ করেন। অতঃপর ছেলেটি ইসলাম গ্রহণ করল। তখন তিনি বললেন, সমস্ত প্রসংশা মহান আল্লাহর জন্য যিনি তাকে জাহান্নাম থেকে মুক্তি দিলেন।

https://sunnah.global/hadeeth/bn/show/6186